স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা শাখা-১
www.rdcd.gov.bd

স্মারক নং-৪৭.০০.০০০০.০০০.০৩৭.০৬.০০১০.২৫-১৩২(৪৩)

২৫ আষাঢ় ১৪৩৩
তারিখ: ----------
০৯ জুলাই ২০২৬

বিষয়: ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)-তে অন্তর্ভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের এপ্রিল-মে/২০২৬ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতায় ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)-তে অন্তর্ভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের এপ্রিল-মে/২০২৬ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা গত ২৮.০৬.২০২৬ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ১৮ (আঠারো) পৃষ্ঠা।

(রহিমা আক্তার)
উপসচিব
ফোন: +৮৮-০২-৪৭১২৪৪২৭
plan1.section@rdcd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

০১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৩। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৪। সদস্য (সচিব), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা ।
০৫। সদস্য (সচিব), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৬। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)/(পরিকল্পনা ও উন্নয়ন)/(আইন ও প্রতিষ্ঠান), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
০৭। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
০৮। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা।
০৯। ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), পল্লী ভবন (৭ম তলা), ৫, কারওয়ান বাজার, ঢাকা।
১০। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), পল্লী ভবন, ৫, কারওয়ান বাজার, ঢাকা।
১১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি: (মিল্ক ইউনিয়ন), তেজগাঁও, ঢাকা।
১২। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), বাড়ি নং-০৫, এভিনিউ-০৩, রুপনগর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
১৩। যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। মহাপরিচালক (ভারপ্রাপ্ত), পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), বগুড়া।
১৫। মহাপরিচালক (ভারপ্রাপ্ত), পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), কোটালীপাড়া, গোপালগঞ্জ।
১৬। উপসচিব [পরিকল্পনা শাখা-২/৩/৫, (উন্নয়ন অধিশাখা)],পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
১৮। প্রকল্প পরিচালক, এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থা।
১৯। সিস্টেম এনালিষ্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ **(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**, ঢাকা।
২০। সহকারী সচিব, পরিকল্পনা শাখা-৪/৬, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে।

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় মাননীয় সদয় অবগতির জন্য)।
০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০৩। সচিব এঁর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), ঢাকা।
০৪। অফিস কপি/মাস্টার ফাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা শাখা-১
www.rdcd.gov.bd

বিষয়: ২০২৫-২৬ অর্থবছরের এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের এপ্রিল-মে, ২০২৬ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মোহাং শওকত রশীদ চৌধুরী সচিব পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
সভার স্থান	:	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর সম্মেলন কক্ষ কক্ষ নং-৬৩৩, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়।
সভার তারিখ	:	২৮.০৬.২০২৬ খ্রিস্টাব্দ।
সভার সময়	:	সকাল ১১:০০ ঘটিকা
সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা	:	পরিশিষ্ট-"ক" তে সদয় দ্রষ্টব্য।

২.০ উপস্থাপনা ও আলোচনা:

সভাপতি সভায় উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সভাকে অবহিত করেন যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ১২টি প্রকল্প চলমান আছে। যার মধ্যে জুন, ২০২৬ মাসে আরও ০২টি প্রকল্প সমাপ্ত হবে এবং ২০২৬-২৭ অর্থবছরে AMS সফটওয়ারে ৪৯টি প্রকল্প এন্ট্রি প্রদান করা হয়েছে। সভায় আরও জানানো হয় যে, ২০২৫-২৬ অর্থবছরের এপ্রিল/২০২৬ পর্যন্ত ৩০৮৫২.৪৪ (তিনশত আট কোটি বাহান্ন লক্ষ চুয়াল্লি হাজার) টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ২৭০৫৪.১১ (দুইশত সত্তর কোটি চুয়ান্ন লক্ষ এগারো হাজার) টাকা। চলতি অর্থবছরে মে, ২০২৬ পর্যন্ত এ বিভাগের অগ্রগতি হার ৭১.২৪% এবং জাতীয় গড় ৪৮.২৩%, যা জাতীয় গড়ের চেয়ে এ বিভাগের অগ্রগতির হার ২৩.০১ % বেশি।

২.১ অতঃপর সভার আলোচ্যসূচী অনুয়ায়ী কার্যক্রম উপস্থাপন করা হয় যা নিম্নরূপ:

২.১.২ গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:

আলোচনা	সিদ্ধান্ত
গত ৩০ এপ্রিল ২০২৬ তারিখে অনুষ্ঠিত ২০২৫-২৬ অর্থবছরের এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের জানুয়ারি-মার্চ /২০২৬ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী ১১.০৫.২০২৬ তারিখে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। প্রেরিত কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা সভায় অবহিতকরণের জন্য অনুরোধ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা যেতে পারে।	কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

৩.০ গত সভায় গৃহীত সাধারণ সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

ক্র: নং	গত সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
০১.	বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার এবং বাংলাদেশ পরিকল্পনা কমিশনের পরিপত্র অনুযায়ী নতুন নতুন প্রকল্প গ্রহণ করতে হবে।	বাংলাদেশ পরিকল্পনা কমিশনের পরিপত্র অনুযায়ী বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারের আলোকে নতুন নতুন প্রকল্প গ্রহণ করতে হবে সে বিষয়ে দপ্তর/সংস্থায় নির্দেশনা প্রদান করা হয়েছিল। সে পরিপ্রেক্ষিতে ২০২৬-২৭ অর্থবছরে AMS সফটওয়ারে ৪৯টি প্রকল্প এন্ট্রি প্রদান করা হয়েছে।
০২.	সমবায় অধিদপ্তরের আওতাধীন সমবায় সমিতিসমূহের অনেক জমি-জমা অবৈধভাবে দখলকারীদের হাত থেকে রক্ষা করার জন্য ম্যাজিস্ট্রেসি ক্ষমতা ব্যবহার করা/সহায়তার জন্য একটি প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	অদ্যাবধি পর্যন্ত কোন তথ্য সমবায় অধিদপ্তর হতে এ বিভাগে পাওয়া যায়নি।

ক্র: নং	গত সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
০৩.	"পার্বত্য চট্টগ্রামের পল্লী অঞ্চলের কৃষি পণ্যের সাপ্লাই চেইন ব্যবস্থার আধুনিকায়ন বিষয়ক প্রায়োগিক গবেষণা" শীর্ষক প্রকল্পটির ডিপিপি হালনাগাদ করে আগামী ৬/৭ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	গত সভার সিদ্ধান্ত অনুযায়ী অদ্য ২৮.০৬.২০২৬ তারিখে ডিপিপি হালনাগাদ করে সংশোধনপূর্বক প্রেরণ করা হয়েছে।
০৪.	সকল দপ্তর/সংস্থার অননুমোদিত প্রকল্পের অর্থায়নের ধরণ ও জনবল নির্ধারণের জন্য অর্থ সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা আহ্বানের উদ্যোগ গ্রহণ করতে হবে।	এ বিষয়ে এখনও কোন উদ্যোগ গ্রহণ করা হয়নি। মহাপরিচালক, আরডিএ, বগুড়া সভায় উক্ত বিষয়ে অবহিত করতে পারেন। মহাপরিচালক, আরডিএ, বগুড়া বলেন যে, শীঘ্রই উদ্যোগ গ্রহণ করা হবে।
০৫.	প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ সকল আর্থিক বিধি-বিধান অনুযায়ী খরচ করতে হবে যাতে অর্থের কোন অপচয় না হয় সেদিকে খেয়াল রাখতে হবে।	এ বিষয়ে সকল দপ্তর/সংস্থা প্রধান ও প্রকল্প পরিচালকগণ বলেন যে, প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ সকল আর্থিক বিধি-বিধান অনুযায়ী খরচ করা হচ্ছে।

৪.০ চলতি অর্থবছরে (২০২৫-২৬) আরএডিপিভুক্ত প্রকল্পসমূহের অনুকূলে অর্থ বরাদ্দ, অর্থ অবমুক্ত, অর্থ ব্যয় ও বাস্তবায়ন অগ্রগতি:

যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন) জানান যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে এপ্রিল-মে/২০২৬ মাস পর্যন্ত ৩০৮৫২.৪৪ (তিনশত আট কোটি বাহান্ন লক্ষ লক্ষ চুয়াল্লিশ) টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ২৭০৫৪.১১ (দুইশত সত্তর কোটি চুয়ান্ন লক্ষ এগারো হাজার) টাকা, যা বরাদ্দের ৭১.২৪% এবং জাতীয় গড় ৪৮.২৩%। প্রকল্প ভিত্তিক অগ্রগতি নিম্নরূপঃ

(অংকসমূহঃ লক্ষ টাকায়)

ক্র. নং	প্রকল্পের নাম ও মেয়াদ	প্রাক্কলিত ব্যয়	২০২৫-২০২৬ অর্থবছরের আরএডিপিতে অর্থ বরাদ্দ, অর্থ অবমুক্ত ও ব্যয়			চলতি (২০২৫-২৬) অর্থবছরের অগ্রগতি		ক্রমপুঞ্জিভূত ব্যয় ও অগ্রগতি		
			বরাদ্দ (প্র.সা.)	অবমুক্ত	ব্যয়	আর্থিক	বাস্তব	ব্যয়	আর্থিক	বাস্তব
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
(ক) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) :										
১।	দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)- ২য় পর্যায়- (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প জুলাই ২০২১ হতে জুন ২০২৬	৩৮০৩৭.৫৭	৭১০০.০০	৫৩২৪.৭৪	৫১৮৭.০৯	(৭৩.০৫%)	(৭৫%)	৩১৭৩০.৫৪	(৮৩.৪২ %)	৮৫%
২।	পল্লী জীবিকায়ন প্রকল্প- ৩য় পর্যায় (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প জুলাই ২০২১ হতে জুন ২০২৭	৯৫৫৪৬.৩৫	৭৪৭১.০০	৪৮২৪.৩৮	৪২৩৪.৩৪	(৯৭%)	(৯৮%)	৮৮১০৪.৩১	(৯২%)	৯৩%
(খ) সমবায় অধিদপ্তর :										
৩।	দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প (১ম সংশোধিত) জুলাই ২০২২ - জুন ২০২৭	১৩৩৮১.৭৩	৩৮০০.০০	৩৮০০.০০	২৬৮২.৩৪	(৭৪%)	৭৫%	১০৮৫৪.৯৬	৮১.১২%)	৮৫%
৪।	সমবায় মডেল গ্রাম প্রতিষ্ঠা পাইলট প্রকল্প (২য় সংশোধিত) জুলাই ২০২১ - জুন ২০২৬	৫৬৫৬.৪০	২১৬২.০০	২১৬২.০০	১০১৬.৭৫	(৬৯.৯৭%)	৮৫%	৪৯৫২.০০	(৮৭.৫৫ %)	৯০%
৫।	সমবায়ের মাধ্যমে কৃষিপণ্যের বাজার ব্যবস্থাপনা ও ভ্যালুচেইন উন্নয়ন জানুয়ারি ২০২৫-জুন ২০২৬	১৯০.৬০	৭৭.০০	৫৭.৭৫	৯.৮৭	১৪.৩২%	২০.০০%	১১.০৩	৫.৭৮%	১০ %

ক্র. নং	প্রকল্পের নাম ও মেয়াদ	প্রাক্কলিত ব্যয়	২০২৫-২০২৬ অর্থবছরের আরএডিপিতে অর্থ বরাদ্দ, অর্থ অবমুক্ত ও ব্যয়			চলতি (২০২৫-২৬) অর্থবছরের অগ্রগতি		ক্রমপুঞ্জিভূত ব্যয় ও অগ্রগতি		
			বরাদ্দ (প্র.সা.)	অবমুক্ত	ব্যয়	আর্থিক	বাস্তব	ব্যয়	আর্থিক	বাস্তব
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
৬।	দক্ষতা উন্নয়নের লক্ষ্যে সমবায়ের মাধ্যমে খুলনা বিভাগের পশ্চাৎপদ জনগোষ্ঠীর টেকসই কর্মসংস্থান নিশ্চিতকরণ জুলাই ২০২৫-জুন ২০২৮	৩৭৭৩.০০	১৯৮.০০	৯৯.০০	১.৫১	(১০.৯৫%)	১০.৯৫%	১.৫১	(০.২৯%)	০%
৭।	বরিশাল বিভাগের দারিদ্র্যপীড়িত উপজেলায় সমবায়ের মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টি জুলাই ২০২৫- জুন ২০২৮	৪৩৮০.০০	১৮৯.০০	১৮৯.০০	১৪.১৬	৫৬.০৪	২৯.৬৫%	৫৬.০৪	১.২৮%	১২%
৮।	জেলা সমবায় কার্যালয় নওগাঁ এর অফিস ভবন নির্মাণ প্রকল্প জুলাই ২০২৫-জুন ২০২৭	১৩৭৬.৮৭	০.০০	-	-	-	-	-	-	-
(গ) পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), বগুড়া :										
৯।	গ্রামীণ জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন এবং আধুনিক নাগরিক সুযোগ সুবিধাসম্বলিত সমবায়ভিত্তিক বহুতল ভবন বিশিষ্ট পল্লী জনপদ নির্মাণ (২য় সংশোধিত) প্রকল্প জুলাই ২০১৪ - জুন ২০২৪ (০২ (দুই) বছর মেয়াদ বৃদ্ধি প্রক্রিয়াধীন)	২৫১১৬.১৭ (জিওবি ২১৮০৫.২৭ ও উপকারভোগী ৩৩১০.৯০)	১.০০	০.০০	০.০০	-	-	১৭৪০৯.৬৮	৭৯.৮৪%	৭৯.৭৯ %
১০।	সমবায় ভিত্তিক খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসলের উৎপাদন বৃদ্ধি ও কৃষক জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন প্রায়োগিক গবেষণা শীর্ষক প্রকল্প (১ম সংশোধিত) জুলাই ২০২২ -জুন ২০২৭	১১৪১.০০	৯০২.৬১	৮৯০.৪৮	৭৩৭.৪১	(৮১.৭০%)	৭২.৭২%	৯৫৫.৫০	(৭৩.৭৮ %)	৭৩.১ ৫ %
(ঘ) ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ):										
১১।	দারিদ্র্য বিমোচনের ক্ষুদ্র সঞ্চয় যোজন (১ম সংশোধিত) জুলাই ২০২২ - জুন ২০২৬	১৪৯০০.০০	১৫৮৬.০০	১০৩৭.২৫	৯১২.১৬	(৮৭.৯৪%)	৯৬.০০%	১৪১০৯.৯১	(৯৪.৬৯ %)	৯৫%
(ঙ) পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ):										
১২।	পিডিবিএফ এর কার্যক্রম সম্প্রসারণ-২য় পর্যায় শীর্ষক প্রকল্প জুলাই ২০২৪ - জুন ২০২৭	৫২৯৬১.০০	১৪৩১২.০০	১২৪৬৭.৮ ৪	১২২৫৮.৪ ৮	(৭১%)	১৩%	১৪৬৫৪.৬৩	(২৮%)	১৪.১৪ %
(চ) বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা										

ক্র. নং	প্রকল্পের নাম ও মেয়াদ	প্রাক্কলিত ব্যয়	২০২৫-২০২৬ অর্থবছরের আরএডিপিতে অর্থ বরাদ্দ, অর্থ অবমুক্ত ও ব্যয়			চলতি (২০২৫-২৬) অর্থবছরের অগ্রগতি		ক্রমপুঞ্জিভূত ব্যয় ও অগ্রগতি		
			বরাদ্দ (প্র.সা.)	অবমুক্ত	ব্যয়	আর্থিক	বাস্তব	ব্যয়	আর্থিক	বাস্তব
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১৩।	গ্রাম সংগঠনের মাধ্যমে প্রতিবেশ উপযোগী কৃষি প্রযুক্তির সম্প্রসারণ বিষয়ক প্রায়োগিক গবেষণা শীর্ষক প্রকল্প জুলাই, ২০২৫ - জুন, ২০২৮	৪০৪৫.০০	১৭৮.৩০	০.০০	০.০০	-	-	-	-	-

৫.০। দপ্তর/সংস্থাওয়ারী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত:

সভাপতি সভার কার্যপত্র অনুযায়ী প্রকল্পের আউটপুট সম্পর্কে উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালকদের আহ্বান জানান। সে পরিপ্রেক্ষিতে প্রকল্প পরিচালকগণ স্বীয় প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন। এ সম্পর্কিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নে উপস্থাপন করা হলো:

(ক) বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি): মোট- ০২ (দুই) টি।

ক্র.	প্রকল্পের নাম ও মেয়াদ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
০১।	দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) (১ম সংশোধিত) প্রকল্প। জুলাই ২০২১-জুন ২০২৬	প্রকল্প পরিচালক জানান যে, ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত এডিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত রয়েছে। মার্চ, ২০২৬ মাস পর্যন্ত ছাড়কৃত অর্থের বিপরীতে ব্যয় হয়েছে ৪৪৫৭.২৮ লক্ষ টাকা (আর্থিক ৬২.৭৭%, বাস্তব ৬৫%)। প্রকল্প পরিচালক জানান যে, ৯তলা হোস্টেল ভবণের ৯তলার ছাদ এবং ৫ম তলা পর্যন্ত ইটের গাথুঁনির কাজ সম্পন্ন হয়েছে। কাজের ভৌত অগ্রগতি ৫০%। নির্মাণ কাজটি প্রকল্প মেয়াদের মধ্যে সম্পন্ন করা সম্ভব হবে না বিধায় প্রকল্পের মেয়াদ ১ বছর বৃদ্ধিসহ ২য় সংশোধিত ডিপিপি প্রকল্প মূল্যায়ন কিমিটি'র (পিইসি) সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠনপূর্বক প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে বিগত ২০.০৪.২০২৬ তারিখে পরিকল্পনা কমিশনে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে।	১) ২০২৫-২৬ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। ২) প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	মহাপরিচালক বিআরডিবি এবং প্রকল্প পরিচালক
০২।	পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায় (১ম সংশোধিত) জুলাই ২০২১-জুন ২০২৭	সভায় আলোচনাকালে পল্লী জীবিকায়ন প্রকল্প ৩য় পর্যায়ের প্রকল্প পরিচালক জানান প্রকল্পের ৩য় কিস্তির অর্থ ছাড়ে অর্থ বিভাগের সম্মতির প্রয়োজন হয়। এ ছাড়াও নানান কারণে ৩য় কিস্তির অর্থ ছাড়ে বেশ কিছুটা বিলম্ব হওয়ায় অর্থ বছরের আর্থিক অগ্রগতি কম হয়েছে। তবে ৪র্থ কিস্তির অর্থ যথা সময়ে পাওয়া গেলে অর্থ বছরের মধ্যে আর্থিক ও বাস্তব অগ্রগতি অর্জন করা সম্ভব হবে। প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্প স্টিয়ারিং কমিটির বিগত একাধিক সভায় প্রকল্পের আসবাবপত্র সরকারী প্রতিষ্ঠান বিএফআইডিসি থেকে সরাসরি পদ্ধতিতে ক্রয় করার সিদ্ধান্ত এবং আরডিপিপিতে অনুমোদিত বিএফআইডিসি থেকে সংগৃহিত আসবাবপত্রের রেট সিডিউল অনুযায়ী ইজিপিতে এপিপি অনুমোদন, ইজিপিতে সরাসরি পদ্ধতিতে দরপত্র আহবান, বিএফআইডিসি কর্তৃক দরপত্র গ্রহণ, কমিটি কর্তৃক দরপত্র মূল্যায়ন, নেগোসিয়েশন ইত্যাদি সম্পন্ন করা হয়েছে। দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ অনুযায়ী চলতি অর্থবছরের মধ্যেই বিএফআইডিসি থেকে আসবাবপত্র ক্রয়পূর্বক মাঠ পর্যায়ে প্রেরণ করা হবে।	০১। প্রকল্পের চলতি অর্থ বছরের ৪র্থ কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাব যথা শীঘ্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। ০২। আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক ইজিপি'র মাধ্যমে প্রকল্পের আসবাবপত্র সরকারী প্রতিষ্ঠান বন শিল্প উন্নয়ন কর্পোরেশন থেকে দ্রুততার সাথে ক্রয়পূর্বক মাঠ পর্যায়ে সরবরাহ করতে হবে।	

ক্র.	প্রকল্পের নাম ও মেয়াদ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
		সভায় প্রকল্পের ২য় সংশোধনী বিষয়ে জানতে চাওয়া হলে প্রকল্প পরিচালক জানান যে, ঠাকুরগাঁও জেলার ০৫টি উপজেলা, বগুড়া জেলার ১২টি উপজেলা, জয়পুরহাট জেলার ৩টি উপজেলা, ব্রাহ্মণবাড়িয়া জেলার ০১ টি উপজেলা এবং পটুয়াখালী জেলার ০১ টি উপজেলাসহ মোট ২২টি উপজেলা অন্তর্ভুক্ত করে প্রকল্পের মেয়াদ ০২ বৎসর বৃদ্ধির প্রস্তাব বিষয়ে গত ০৮ মার্চ ২০২৬ তারিখে পল্লী উন্নয়ন ও সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত উক্ত ২২টি উপজেলা প্রকল্পভুক্ত করে প্রকল্পের মেয়াদ ০২ (দুই) বছর বৃদ্ধির প্রস্তাব সম্বলিত আরডিপিপি বাংলাদেশ পরিকল্পনা কমিশনে গত ২১.০৪.২০২৬ তারিখে প্রেরণ করা হয়েছে।	০৩। বাংলাদেশ পরিকল্পনা কমিশনে প্রেরিত প্রকল্পের ২য় সংশোধনী প্রস্তাব বিষয়ে কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের সাথে নিবিড় যোগাযোগ রাখতে হবে।	মহাপরিচালক বিআরডিবি এবং প্রকল্প পরিচালক।

(খ) সবুজ পাতায় অন্তর্ভুক্ত প্রকল্প: বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি): মোট- ১০ (দশ) টি।

ক্র. নং	প্রকল্পের নাম ও মেয়াদকাল	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের সম্মতি	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের অসম্মতি	জনবল নির্ধারণে সম্মতি	পরিকল্পনা কমিশনে প্রেরণ	যাচাই কমিটির সভা অনুষ্ঠিত	ডিপিপির প্রণীত
১	২	৩	৪	৫	৬	৭	৮
১.	অংশীদারিত্বমুলক পল্লী উন্নয়ন প্রকল্প-০৪ (পিআরডিপি-৪) জানুয়ারি ২০২৬ -জুন ২০৩০ প্রাক্কলিত ব্যয়: ৫৯৫৯৩.০০ লক্ষ টাকা	২০/০২/২০২৪ তারিখে অর্থ বিভাগের সম্মতি পাওয়া গেছে।	-	প্রকল্পটির জনবল নির্ধারণে গত ২২/০৫/২০২৫ তারিখে অর্থ বিভাগের অনুমোদন পাওয়া গেছে।	২৪/০৭/২০২৫ তারিখে ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।	প্রকল্পটির যাচাই কমিটির সভা গত ১৫/১০/২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে।	গত ০৬/০৪/২০২৬ তারিখ অনুষ্ঠিত একনেক সভায় প্রকল্পটি অনুমোদিত হয়নি। পরবর্তী একনেক সভায় প্রকল্পটি পুনরায় উপস্থাপনের জন্য একনেক সভার আলোচনা অনুযায়ী জবাব এবং প্রকল্পের সার-সংক্ষেপ প্রণয়ন করে গত ১১/০৬/২০২৬ তারিখ পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।
২.	ওয়ান পল্লী ওয়ান প্রোডাক্ট (ওপপ): পণ্যভিত্তিক জীবিকায়ন পল্লী প্রকল্প জানুয়ারি, ২০২৫ - ডিসেম্বর ২০২৬ প্রাক্কলিত ব্যয়: ৩০২৫.২১ লক্ষ টাকা	০৬/০৪/২০২০ তারিখে অর্থ বিভাগের সম্মতি পাওয়া গেছে।	-	জনবল নির্ধারণে গত ০৪/০৪/২০২৪ তারিখে অর্থ বিভাগের অনুমোদন পাওয়া গেছে।	১১/১১//২০২৫ তারিখে ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।	প্রকল্পটির যাচাই কমিটির সভা ১৫/১০/২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে।	প্রকল্পের ওপর গত ০৪/০৯/২০২৫ তারিখ প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠিত হয়েছে। পিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক ডিপিপি পুনর্গঠন করে ১১/১১/২০২৫ তারিখ পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। পরিকল্পনা কমিশন হতে উক্ত প্রকল্পের প্রকল্প এলাকা পুনঃবিশ্লেষণ এবং প্রকল্প দলিলে

ক্র. নং	প্রকল্পের নাম ও মেয়াদকাল	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের সম্মতি	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের অসম্মতি	জনবল নির্ধারণে সম্মতি	পরিকল্পনা কমিশনে প্রেরণ	যাচাই কমিটির সভা অনুষ্ঠিত	ডিপিপির প্রণীত
১	২	৩	৪	৫	৬	৭	৮
							সে পরিপ্রেক্ষিতে ডিপিপি পুনর্গঠন করে এ বিভাগে প্রেরণের জন্য গত ০৪/০৬/২০২৬ তারিখ বিআরডিবিকে পত্র প্রেরণ করা হয়। নির্বাচনী ইশতেহারের সাথে সামঞ্জস্যতা লিপিবদ্ধ করে পুনর্গঠিত ডিপিপি প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে।
৩.	সমন্বিত পল্লী দারিদ্র্য দূরীকরণ প্রকল্প (২য় পর্যায়) জুলাই ২০২৫- জুন ২০৩০ প্রাক্কলিত ব্যয়: ৩৮৭২২.৬৬ লক্ষ টাকা	সম্মতি পাওয়া যায়নি	-	হয়নি	-	প্রকল্পটির যাচাই কমিটির সভা ১৫/০৪/২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়েছে।	অর্থায়নের ধরণ নির্ধারনের জন্য ০১-০৩-২০২৬ তারিখে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। অর্থ বিভাগের সম্মতি এখনও পাওয়া যায়নি।
৪.	পল্লী প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প জুলাই, ২০২৫ -জুন, ২০২৬ প্রাক্কলিত ব্যয়: ১৮৫.০০ লক্ষ টাকা	-	-	-	-	১৭/০৫/২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে।	অর্থায়নের ধরণ নির্ধারনের জন্য ০১-০৩-২০২৬ তারিখে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। অর্থ বিভাগের সম্মতি এখনও পাওয়া যায়নি।
৫.	ইউসিসিএ কেন্দ্রীক পল্লী উন্নয়ন কার্যক্রম জোরদারকরণ প্রকল্প জুলাই, ২০২৫-জুন, ২০২৮ প্রাক্কলিত ব্যয়: ৪৭৬৭.১৭ লক্ষ টাকা	-	-	-	-	যাচাই কমিটির সভা ১৫/০৪/২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়েছে।	অর্থায়নের ধরণ নির্ধারনের জন্য ০১-০৩-২০২৬ তারিখে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। অর্থ বিভাগের সম্মতি এখনও পাওয়া যায়নি।
৬.	জলবায়ু সহনশীল টেকসই জীবিকা প্রসার প্রকল্প জানুয়ারি ২০২৫-ডিসেম্বর ২০২৭ প্রাক্কলিত ব্যয়: ৫৫০০০.০০ লক্ষ টাকা	-	-	-	-	-	প্রকল্পের অনুকূলে বৈদেশিক সাহায্য অনুসন্ধানের জন্য ১৬/০২/২০২৫ তারিখে পিডিপিপি পরিকল্পনা কমিশনে ও ইআরডিতে প্রেরণ করা হয়েছে।
৭.	গ্রামীণ উদ্যোক্তা উন্নয়ন প্রকল্প জানুয়ারি, ২০২৬-ডিসেম্বর ২০২৮ প্রাক্কলিত ব্যয়: ৭৫০০.০০ লক্ষ টাকা	-	-	-	-	-	টিএপিপি এখনও পাওয়া যায়নি।
৮.	পুষ্টিসমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরন প্রকল্প (২য় পর্যায়) জুলাই ২০২৬- জুন ২০৩১ প্রাক্কলিত ব্যয়: ৯৬০০০.০০ লক্ষ টাকা	-	-	-	-	প্রকল্পটির যাচাই কমিটির সভা ১৫/০৪/২০২৫ তারিখে অনুষ্ঠিত	অর্থায়নের ধরণ নির্ধারনের জন্য ০১-০৩-২০২৬ তারিখে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। অর্থ বিভাগের সম্মতি এখনও

ক্র. নং	প্রকল্পের নাম ও মেয়াদকাল	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের সম্মতি	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের অসম্মতি	জনবল নির্ধারণে সম্মতি	পরিকল্পনা কমিশনে প্রেরণ	যাচাই কমিটির সভা অনুষ্ঠিত	ডিপিপির প্রণীত
১	২	৩	৪	৫	৬	৭	৮
৯.	উত্তরাঞ্চলের দরিদ্রদের কর্মসংস্থান নিশ্চিতকরণ কর্মসূচি-৩য় পর্যায় জুলাই ২০২৬- জুন ২০৩১ প্রাক্কলিত ব্যয়: ৪২৩৫২.১০ লক্ষ টাকা	১৪/০৬/২০২৬ তারিখে অর্থ বিভাগের সম্মতি পাওয়া গেছে	-	-	-	প্রকল্পটির যাচাই কমিটির সভা ১৫/০৪/২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়েছে।	১৪/০৬/২০২৬ তারিখে অর্থ বিভাগের সম্মতি পাওয়া গেছে। নথি উপস্থাপন করা হয়েছে।
১০.	বিআরডিটিআই'র শক্তিশালী ও আধুনিককীরণ প্রকল্প জুলাই ২০২৬- জুন ২০৩১ প্রাক্কলিত ব্যয়: ৪৮৯৯.৫৩ লক্ষ টাকা	-	-	-	-	৩১/০৩/২০২৬ খ্রি. যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।	পুনর্গঠিত ডিপিপি সংস্থা হতে এখনও পাওয়া যায়নি।

(গ) **বাস্তবায়ন কারী সংস্থা: সমবায় অধিদপ্তর, মোট প্রকল্প- ০৬ (ছয়) টি ।**

ক্র.	প্রকল্পের নাম ও মেয়াদ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
বাস্তবায়নকারী সংস্থা: সমবায় অধিদপ্তর				
০১।	সমবায় মডেল গ্রাম প্রতিষ্ঠা পাইলট প্রকল্প' (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প। জুলাই ২০২১-জুন ২০২৬	প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটি জুন, ২০২৬ এ সমাপ্তির জন্য নিধারিত রয়েছে। গত ১২.০৪.২০২৬ তারিখে ১৪তম পিএসসি সভায় সরকারের ব্যয় সংকোচনে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত সর্বশেষ নির্দেশনা এবং প্রকল্পের একটি এলাকায় কার্যক্রম শুরু করতে না পারায় কিছু কার্যক্রম অসমাপ্ত রেখে প্রকল্প সমাপ্ত করার সিদ্ধান্ত হয়। প্রকল্পের যে সব কার্যক্রম জুন, ২০২৬ এর মধ্যে সমাপ্ত করা সম্ভব তা সমাপ্ত করে এবং অবশিষ্ট কার্যক্রম অসমাপ্ত রেখে প্রকল্পটি সমাপ্ত করার উদ্যোগ নিতে হবে।	প্রকল্পটি অসমাপ্ত রেখে সমাপ্তকরণের ক্ষেত্রে আইএমইডি'র মতামত গ্রহণ করতে হবে।	নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা, প্রকল্প পরিচালক এবং উপসচিব (পরিকল্পনা-২), এ বিভাগ।
০২।	দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ (১ম সংশোধিত) প্রকল্প জুলাই ২০২২-জুন ২০২৭	প্রকল্প পরিচালক বলেন যে, গত ২৪ জুন ২০২৬ তারিখ বাংলাদেশ পরিকল্পনা কমিশনে পিইসি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী প্রাপ্তির পর পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে। বিগত ২৪ জুন ২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত পিইসি (PEC) সভার কার্যবিবরণী প্রাপ্তি সাপেক্ষে প্রকল্পের ২য় সংশোধনীর পরবর্তী কার্যক্রম সম্পাদন করতে হবে।	গত ২৪.০৬.২০২৬ তারিখে অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্ত প্রাপ্তির পর প্রকল্পের ২য় সংশোধনীর কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।	নিবন্ধক ও মহাপরিচালক এবং প্রকল্প পরিচালক, সমবায় অধিদপ্তর
০৩.	সমবায়ের মাধ্যমে কৃষিপণ্যের বাজার ব্যবস্থাপনা ও ভ্যালুচেইন উন্নয়ন জানুয়ারি ২০২৫-জুন ২০২৬ প্রাক্কলিত ব্যয় : ১৯১.০০ লক্ষ টাকা	প্রকল্প পরিচালক বলেন যে, গত ১০ মার্চ ২০২৬ তারিখে ১ম পিএসসি সভায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ১লা জুলাই ২০২৬ হতে ৩০ জুন ২০২৭ পর্যন্ত অর্থাৎ আরো ০১ বছর বৃদ্ধি করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে অনুযায়ী মেয়াদ ০১ বছর বৃদ্ধির কার্যক্রম চলমান আছে।	দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।	নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর ও প্রকল্প পরিচালক
০৪.	বরিশাল বিভাগের দারিদ্র্যপীড়িত উপজেলায় সমবায়ের মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টি জুলাই ২০২৫- জুন ২০২৮ প্রাক্কলিত ব্যয়: ৪৩৮০.০০ লক্ষ টাকা	প্রকল্প পরিচালক জানান যে, বরিশাল বিভাগের দারিদ্র্যপীড়িত উপজেলায় সমবায়ের মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পটির কার্যক্রম সম্প্রতি শুরু হয়েছে। গত ২১/০৪/২০২৬ তারিখে প্রকল্পের পিএসসি'র এক সভায় এর উপকারভোগী নির্বাচনের দিকনির্দেশনা দেওয়া হয়। বর্তমান অর্থ বছরে বরাদ্দকৃত অর্থ ব্যয় এবং কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রকল্প পরিচালক	কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রকল্প পরিচালকে যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে।	নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর ও প্রকল্প পরিচালক

ক্র.	প্রকল্পের নাম ও মেয়াদ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
০৫.	দক্ষতা উন্নয়নের লক্ষ্যে সমবায়ের মাধ্যমে খুলনা বিভাগের পশ্চাৎপদ জনগোষ্ঠীর টেকসই কর্মসংস্থান নিশ্চিতকরণ জুলাই ২০২৫- জুন ২০২৮ প্রাক্কলিত ব্যয়: ৩৭৭৩.০০ লক্ষ টাকা	প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্পের আরএডিপিতে বরাদ্দ ছিল ১৯৮.০০ লক্ষ টাকা। জুন ২০২৬ পর্যন্ত অবমুক্তি ছিল ৯৯.০০ লক্ষ টাকা। কিন্তু দেখা যায় মোট ব্যয় ১০.৯৫ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ১১.০৬% এবং মোট প্রাক্কলিত ব্যয়ের ০.২৯%। সভাপতি প্রকল্প পরিচালকের নিকট এ বিষয়ে জানতে চাইলে তিনি জানান, ২০২৫-২০২৬ অর্থবছরে এ পর্যন্ত ডিপিপি মোতাবেক (১) কর্মকর্তা/কর্মচারী ওরিয়েন্টেশন কোর্স ০১ টা, (২) পিআইসি সভা ০১ টি, (৩) পিআইসি সভা ০১ টি, (৪) আউটসোর্সিং(জনবল) সরবরাহ (ফ্যাসিলিটেটর নিয়োগ), (৫) যানবাহন হায়ারিং, এবং (৬) সদস্য জরীপের ক্ষেত্রে কনসালটেন্ট ফার্ম নিয়োগ সম্পন্ন করেছেন। এছাড়া, সদস্য জরীপের ক্ষেত্রে ফিক্সড বাজেটে সিলেকশন পদ্ধতি একটি সময়সাপেক্ষ পদ্ধতি। ডিপিপি মোতাবেক এই পদ্ধতিতে কনসালটেন্ট ফার্ম নিয়োগ এবং তাদের জরীপ কার্য চলমান। চুক্তি মোতাবেক ৩০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখের মধ্যে ফার্ম নির্বাচিত সদস্যদের তালিকা সাবমিট করবে। এই সদস্য বাছাইয়ের পরেই প্রকল্পের আওতাধীন সমবায় সমিতি গঠন করে তাদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান ও প্রশিক্ষণ শেষে ঋণ প্রদান করা হবে। তিনি আরো জানান, কনসালটেন্ট ফার্মের সাথে চুক্তি থাকলেও মৌখিকভাবে অনুরোধ করা হয়েছে যেসকল উপজেলার জরীপ শেষ হবে, সাথে সাথেই যেন তার চুড়ান্ত তালিকা সাবমিট করেন। ডিসিওগণকে অনুরোধ করা হয়েছে তার তালিকা প্রাপ্তির পরপরেই যতদ্রুত সম্ভব নিবন্ধন দিবেন। ট্রেডভিত্তিক ২৫ জন সময়ায়ী হলেই সাথে সাথেই তাদের প্রশিক্ষণ প্রদান করা হবে; যতদ্রুত সম্ভব প্রশিক্ষণ শেষে ঋণ প্রদান করা হবে। প্রকল্পের কাজে দ্রুত অগ্রগতির লক্ষ্যে প্রশিক্ষণ বিভিন্ন ট্রেনিং ইনস্টিটিউটে প্রভাই করা হবে।	প্রকল্প বাস্তবায়ন অগ্রগতির হার বৃদ্ধি করতে হবে।	নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা, প্রকল্প পরিচালক।
০৬.	জেলা সমবায় কার্যালয় নওগাঁ এর অফিস ভবন নির্মাণ প্রকল্প মেয়াদকাল: জুলাই ২০২৫-জুন ২০২৭ প্রাক্কলিত ব্যয় : ১৩৭৬.৮৭ লক্ষ টাকা	প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্পটি জুলাই ২০২৫-জুন ২০২৭ মেয়াদে ১৩৭৬.৮৭ লক্ষ টাকা ব্যয়ে বাস্তবায়নের জন্য বাংলাদেশ পরিকল্পনা কমিশন কর্তৃক গত ১০.০২.২০২৬ তারিখে অনুমোদিত হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত IBAS++ ও AMS Account প্রস্তুতসহ অন্যান্য সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্নের চেষ্টা করা হচ্ছে।	প্রকল্পটির কার্যক্রম দ্রুত বাস্তবায়নের নিমিত্ত IBAS++ ও AMS account প্রস্তুতসহ অন্যান্য সকল কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে।	নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর ও প্রকল্প পরিচালক।

(ঘ) <u>সবুজ পাতায় অন্তর্ভুক্ত প্রকল্প:</u> সমবায় অধিদপ্তর, মোট প্রকল্প- ০৫ (পাঁচ) টি।

ক্র. নং	প্রকল্পের নাম ও মেয়াদকাল	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের সম্মতি	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের অসম্মতি	জনবল নির্ধারণে সম্মতি	পরিকল্পনা কমিশনে প্রেরণ	যাচাই কমিটির সভা অনুষ্ঠিত	ডিপিপির প্রণীত
১	২	৩	৪	৫	৬	৭	৮
১.	সমবায়ের মাধ্যমে নারী সমবায়ীদের দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা সৃজন প্রকল্প জুলাই ২০২৩-ডিসেম্বর ২০২৭ প্রাক্কলিত ব্যয় :২৬৯৫৮.২২ লক্ষ টাকা	প্রয়োজন নেই	দ্রুত মন্ত্রণালয়ে পাঠাতে হবে।	২৬.০৭.২০২২ খ্রি: তারিখে অর্থ বিভাগে অনুষ্ঠিত জনবল কমিটির সভায় সম্মতি রয়েছে।	প্রেরণ করা হয়েছে।	১২.০৪.২০২২ খ্রি. তারিখে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।	প্রকল্পের ওপর গত ২১-০১-২০২৫ খ্রি. তারিখে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠিত হয়েছে। পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

ক্র. নং	প্রকল্পের নাম ও মেয়াদকাল	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের সম্মতি	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের অসম্মতি	জনবল নির্ধারণে সম্মতি	পরিকল্পনা কমিশনে প্রেরণ	যাচাই কমিটির সভা অনুষ্ঠিত	ডিপিপির প্রণীত
১	২	৩	৪	৫	৬	৭	৮
২.	রাজশাহী বিভাগের ক্ষুদ্র নৃতাত্ত্বিক ও পশ্চাৎপদ জনগোষ্ঠীর সমবায়ভিত্তিক কর্মসংস্থান সৃজন প্রকল্প জুলাই ২০২৪-জুন ২০২৭ প্রাক্কলিত ব্যয় : ৪৭৫৯.৮৭ লক্ষ টাকা	-	-	-	-	গত ১৬/০৪/২০২৫ তারিখে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়।	গত ১৬/০৪/২০২৫ তারিখে অনুষ্ঠিত যাচাই কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী সমবায় অধিদপ্তর হতে ডিপিপি এ বিভাগে পাওয়া যায় এবং পুনর্গঠিত ডিপিপি গত ২৫/০৯/২০২৫ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। গত ১১/১১/২০২৫ তারিখে প্রকল্পের জনবল সংক্রান্ত প্রস্তাবসহ, ডিপিপি অর্থ বিভাগে প্রেরণ করা হয় এবং ০৫/০১/২০২৬ তারিখে অর্থ বিভাগ হতে প্রাপ্ত উন্নয়ন প্রকল্পের পদ/জনবল নির্ধারণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটির সভার কার্যবিবরণী সমবায় অধিদপ্তরে প্রেরণপূর্বক পুনর্গঠিত ডিপিপি এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। তদ্‌প্রেক্ষিতে সমবায় অধিদপ্তর হতে প্রাপ্ত ডিপিপিতে কিছু ত্রুটি থাকায় সংশোধন করে পুনরায় এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। ডিপিপি পাওয়া গিয়েছে এবং ডিপিপির যাচাই কার্যক্রম প্রক্রিয়াধীন।
৩.	উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প-২য় পর্যায় জানুয়ারি ২০২৬-ডিসেম্বর ২০২৯ প্রাক্কলিত ব্যয়: ৪৮০২৯.০১ লক্ষ টাকা	-	-	-	-	২৪/০৩/২০২৫ তারিখে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।	যাচাই কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি এ বিভাগে পাওয়া যায় এবং ডিপিপির যাচাই কার্যক্রম প্রক্রিয়াধীন।
৪.	বৃহত্তর কুমিল্লায় শিক্ষিত বেকার জনগোষ্ঠীর সমবায়ভিত্তিক উদ্যোক্তা ও স্ব-কর্মসংস্থান সৃজন প্রকল্প জুলাই ২০২৬-জুন ২০২৯ প্রাক্কলিত ব্যয়: ৪৯৩৬.০৬ লক্ষ টাকা	-	-	-	-	০২/০৩/২০২৬ খ্রি. তারিখে যাচাই কমিইর সভা অনুষ্ঠিত হয়েছে।	যাচাই কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি এ বিভাগে পাওয়া যায় কিন্তু ডিপিপিতে ত্রুটি থাকায় পুনরায় সমবায় অধিদপ্তরকে সংশোধনপূর্বক প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। গত ১৮ মে ২০২৬ তারিখে ডিপিপি এ বিভাগে পাওয়া যায় এবং ডিপিপির যাচাই কার্যক্রম প্রক্রিয়াধীন।

ক্র. নং	প্রকল্পের নাম ও মেয়াদকাল	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের সম্মতি	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের অসম্মতি	জনবল নির্ধারণে সম্মতি	পরিকল্পনা কমিশনে প্রেরণ	যাচাই কমিটির সভা অনুষ্ঠিত	ডিপিপির প্রণীত
১	২	৩	৪	৫	৬	৭	৮
৫.	সমবায়ের মাধ্যমে ময়মনসিংহ বিভাগের প্রান্তিক জনগোষ্ঠীর জীবন-মানের টেকসই উন্নয়ন শীর্ষক প্রকল্প জুলাই ২০২৬ -জুন ২০২৯ প্রাক্কলিত ব্যয়: ৪৮৪৯.১১ লক্ষ টাকা।	-	-	-	-	০২/০৩/২০২৬ খ্রি. তারিখে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।	যাচাই কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি এ বিভাগে পাওয়া যায়নি।

(ঙ) **বাস্তবায়নকারী সংস্থা: পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া; মোট প্রকল্প: ০২ (দুই) টি**

ক্র.	প্রকল্পের নাম ও মেয়াদ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
